

আর্লি ইন্টারভেনশন

আপনার পারিবারিক অধিকার

নিউইয়র্ক শহরের

আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম

যত তাড়াতাড়ি ব্যবস্থা নেবেন
তত ভাল

মূল্যায়ন	<ul style="list-style-type: none">আপনার শিশুকে পরীক্ষা করা হবে বা মূল্যায়ন করা হবে কিনা তা জানানোর অধিকার আপনার আছে।
পছন্দ	<ul style="list-style-type: none">আপনার শিশুকে কে মূল্যায়ন করবেন (মূল্যায়নকারী) তা পছন্দ করার অধিকার আপনার আছে।আপনার শিশুর স্বতন্ত্র পরিষেবা পরিকল্পনা মিটিংয়ে আপনার বর্তমান পরিষেবা সমন্বয়কারী পছন্দ করার অধিকার আপনার আছে। <i>আপনি আপনার পরিষেবা প্রদানকারী বা থেরাপিস্ট পছন্দ করতে পারবেন না।</i>যদি আপনি আর্লি ইন্টারভেনশন (Early Intervention, EI) ত্যাগ করেন, আপনার শিশুর তৃতীয় জন্মদিন পর্যন্ত যে কোনো সময়ে আপনি ফিরে আসা বেছে নিতে পারেন।
অনুমতি	<ul style="list-style-type: none">আপনার শিশুকে আপনি EI তে নথিভুক্ত করাবেন কিনা তা জানানোর অধিকার আপনার আছে।EI এর মাধ্যমে প্রস্তাবিত যে কোনও পরিষেবাতে হ্যাঁ বা না বলার অধিকার আপনার আছে। যদি আপনি নির্দিষ্ট কোনো পরিষেবা না চান, তাহলে আপনি সেই পরিষেবার জন্য না বলতে পারেন এবং আপনি সম্মত এমন অন্যান্য পরিষেবা পেতে পারেন।
গোপনীয়তা	<ul style="list-style-type: none">আপনার শিশু ও পরিবার সম্পর্কে তথ্য গোপন করার অধিকার আপনার আছে। EI তে কাজ করেন না এমন লোকদের ও এজেন্সিগুলোকে আমরা তথ্য পাঠানোর আগে অবশ্যই আপনাকে লিখিত অনুমতি দিতে হবে।
মিটিং	<ul style="list-style-type: none">আপনার শিশুর মূল্যায়ন ও পরিষেবা সম্পর্কে যে সব মিটিংয়ে সিদ্ধান্ত নেওয়া হবে সেখানে অংশগ্রহণ করার ও অন্যদেরকে আমন্ত্রণ করার অধিকার আপনার আছে।
বিমা	<ul style="list-style-type: none">EI পরিষেবা প্রদানের জন্য আপনার বিমা ব্যবহার করা হবে কিনা তা জানার অধিকার আপনার আছে। যদি আপনার বিমা ব্যবহৃত হয়, তাহলে আপনার কোনও প্রত্যক্ষ খরচ থাকবে না।
লিখিত বিজ্ঞপ্তি	<ul style="list-style-type: none">আপনার শিশুর মূল্যায়ন, যোগ্যতা বা পরিষেবায় কোনো পরিবর্তনের পূর্বে তার আগে আপনি অবশ্যই একটি লিখিত বিজ্ঞপ্তি পাবেন।
আপনার শিশুর রেকর্ড	<ul style="list-style-type: none">আপনার শিশু সম্পর্কে যে কোনো রেকর্ড দেখার অধিকার আপনার আছে।এইসব রেকর্ডের একটি কপি পাওয়ার অধিকার আপনার আছে।কোনো রেকর্ডে পরিবর্তন করার জন্য বলার অধিকার আপনার আছে।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে অথবা আপনি সিদ্ধান্তের সঙ্গে সহমত না হন তাহলে যা করবেন:

1. আপনার পরিষেবা সমন্বয়কারীর সঙ্গে কথা বলুন। তিনি আপনাকে আপনার বেশীরভাগ প্রশ্নের উত্তর দিয়ে সহায়তা করতে সক্ষম।
2. আপনার আঞ্চলিক অফিসে ফোন করে সহকারী ডিরেক্টরের সঙ্গে কথা বলুন।

Bronx: 718-838-6887

• Brooklyn: 718-722-3310

• Manhattan: 212-436-0900

Queens: 718-553-3954

• Staten Island: 718-568-2300

3. আর্লি ইন্টারভেনশন উপভোক্তা বিষয়ক বিভাগে (Early Intervention Consumer Affairs) ফোন করুন: 347-396-6828
4. যদি সমস্যার সমাধান না হয় অথবা আপনি যদি কোনো সিদ্ধান্তের সঙ্গে এখনও সহমত না থাকেন তাহলে আপনি সিদ্ধান্তটি পুনরায় বিবেচনা করার জন্য বলতে পারেন। এটিকে ডিউ প্রসেস বলে। আপনার ডিউ প্রসেসের অধিকারে অন্তর্ভুক্ত রয়েছে:
 - ⊗ **মধ্যস্থতা:** এটি হল EI এবং একজন মধ্যস্থতাকারীর (কোনও একজন ব্যক্তি যিনি পরিস্থিতির সঙ্গে যুক্ত নন কিন্তু একটি সমাধান পেতে আপনাকে সহায়তা করতে পারেন) সঙ্গে আপনার উদ্বেগ নিয়ে আলোচনা করার একটি উপায়।
 - ⊗ **নিরপেক্ষ শুনানি:** এটি একটি স্বাভাবিক প্রক্রিয়া, যেখানে একজন প্রশাসনিক আইনি বিচারক সমস্যাটি শোনে এবং একটি রায় দেন।
 - ⊗ **পদ্ধতিগত অভিযোগ:** যখন আপনি নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগে কোনো সমস্যার তদন্তের জন্য বলেন।

মধ্যস্থতার জন্য, এই ঠিকানায় লিখে পার্থান:

Director of Consumer Affairs
NYC Early Intervention Program

42-09 28th St., 18th Floor
Long Island City, NY 11101

ফোন: 347-396-6828

ফ্যাক্স: 347-396-8977

একটি নিরপেক্ষ শুনানি বা একটি পদ্ধতিগত অভিযোগ জানাতে লিখে জানান:

New York State Department of Health
Bureau of Early Intervention

Corning Tower, Empire State Plaza
Albany, NY 12237

ফোন: 518-473-7016

ফ্যাক্স: 518-486-1090